বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
ঝড় সতর্কীকরণ কেন্দ্র
আগারগাঁও, ঢাকা-১২০৭।

ফোন : ৪১০২৫৭৩০, ৪১০২৫৭৩১
ফ্যাক্স : ৪১০২৫৭২৬, ৪১০২৫৭২৮
ই-মেইল : info@bmd.gov.bd
swc@bmd.gov.bd
ওয়েব সাইট: www.bmd.gov.bd

**তারিখ: ২৭.০৭.২০২৬**

# আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তি, ক্রমিক নম্বর-০৩ (তিন)

উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিমবঙ্গ-উত্তর উড়িষ্যা উপকূলে অবস্থানরত গভীর নিম্নচাপটি পশ্চিম-উত্তরপশ্চিম দিকে সরে গিয়ে বর্তমানে উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিমবঙ্গ উপকূল এলাকায় (২১.৬° উত্তর অক্ষাংশ এবং ৮৭.৭° পূর্ব দ্রাঘিমাংশ) অবস্থান করছে। এটি আজ ( ২৭ জুলাই, ২০২৬) রাত ০৯ টায় চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ৪৬০ কি.মি. পশ্চিম-দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ৪৭৫ কি.মি. পশ্চিমে, মোংলা সমুদ্র বন্দর থেকে ২৩০ কি.মি. পশ্চিম-দক্ষিণপশ্চিমে এবং পায়রা সমুদ্রবন্দর থেকে ২৯০ কি.মি. পশ্চিম-দক্ষিণপশ্চিমে অবস্থান করছিল। এটি পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে আগামীকাল (২৮ জুলাই, ২০২৬) ভোররাত নাগাদ পশ্চিমবঙ্গ- উড়িষ্যা উপকূল অতিক্রম করতে পারে। এর প্রভাবে সমুদ্রবন্দরসমূহ, উত্তর বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকার ওপর দিয়ে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় বায়ু চাপের তারতম্যের আধিক্য বিরাজ করছে।

গভীর নিম্নচাপ কেন্দ্রের ৪৮ কি.মি. এর মধ্যে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘণ্টায় ৫০ কি.মি., যা দমকা অথবা ঝড়ো হাওয়ার আকারে ৬০ কি.মি. পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। নিম্নচাপ কেন্দ্রের নিকটবর্তী এলাকায় সাগর উত্তাল রয়েছে।

চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০৩ (তিন) নম্বর (পুন:) ০৩ (তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।

উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিরাপদ আশ্রয়ে থাকতে বলা হয়েছে।

(মোঃ আব্দুল হামিদ মিয়া)
আবহাওয়াবিদ
পরিচালকের পক্ষে
২৭, ২১৩০ বিএসটি

প্রাপক,
১. মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়,
২. মন্ত্রী পরিষদ সচিব,
৩. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়,
৪. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়,
৫. আইজিপি, বাংলাদেশ পুলিশ,
৬. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ৭. সচিব, কৃষি মন্ত্রণালয়,
৮. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ৯. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়,
১০. যুগ্ম সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ১১. এসএসএফ, ১২. সিপিপি,
১৩. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ১৪. নৌ সদর দপ্তর,
১৫. নৌপরিবহন মন্ত্রণালয়, ১৬. জাতীয় দুর্যোগ সাড়াদান কেন্দ্র(এনডিআরসিসি),
১৭. বাংলাদেশ অভ্যন্তীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ(বিআইডব্লিউটিএ), ১৮. বাংলাদেশ টেলিভিশন(বিটিবি),
১৯. বাংলাদেশ বেতার, ২০. বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র(এফএফডব্লিউসি),
২১. ইউএনবি, ২২. বাংলাদেশ সংবাদ সংস্থা ( বাসস ),
২৩. প্রধান আবহাওয়া কার্যালয়, চট্টগ্রাম, ২৪. সিডিএমপি, ২৫. কোস্টগার্ড,
২৬. বন্দর কর্তৃপক্ষ, মংলা, ২৭. বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম, ২৮. বাংলাদেশ সংবাদ সংস্থা,
২৯. প্রধানমন্ত্রীর কর্যালয়ের সশস্ত্র বাহিনী বিভাগ(এএফডি), ৩০. বাংলাদেশ সেনা বাহিনী, ৩১. বাংলাদেশ বিমান বাহিনী, ৩২. রয়টারস, ৩৩. বাংলাদেশ অভ্যন্তীণ নৌ-পরিবহন করপোরেশন(বিআইডব্লিউটিসি), ৩৪. এটিএন, ৩৫. ইউএসিএইচসিআর, ৩৬. স্পারসো, ৩৭. ইউএনডিপি, ৩৮. চ্যানেলআই, ৩৯. আরটিভি, ৪০. বন্দর কর্তৃপক্ষ, পায়রা, ৪১. জেলা প্রশাসক, কক্সবাজার, ৪২. সময় টিভি, ৪৩. ইন্ডিপেন্ডেন্ট টিভি, ৪৪. একুশে টিভি, ৪৫. জাইকা বাংলাদেশ, ৪৬. সকল জেলা প্রশাসন